



রাবিতে ছাত্রদলের হামলার ঘটনায় সাংবাদিকদের তিন দফা দাবি



ছবি: সংগৃহীত

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) সাংবাদিকদের ওপর হামলার ঘটনায় তিন দফা দাবি জানিয়েছেন ক্যাম্পাসে কর্মরত সাংবাদিকেরা। রোববার (৪ অক্টোবর) রাতে জিয়াউর রহমান হলের প্রাধ্যক্ষের কার্যালয়ে এসব দাবি তুলে ধরা হয়।

দাবির মধ্যে রয়েছে হামলায় জড়িতদের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় প্রশাসনের মামলা, সোমবার বেলা ১২টার মধ্যে অভিযুক্তদের গ্রেপ্তার এবং শিক্ষার্থীদের ছাত্রত্ব বাতিল। যাদের পড়াশোনা শেষ হয়েছে তাদের সনদ বাতিলের পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী নন এমন অভিযুক্তদের ক্যাম্পাসে প্রবেশ নিষিদ্ধ করার দাবিও জানানো হয়েছে।

এ ছাড়া মামলা ও ছাত্রত্ব বাতিলের বিষয়ে প্রশাসনের সিদ্ধান্ত রাতের মধ্যেই সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের দাবি জানান সাংবাদিকেরা।

প্রশাসনের পক্ষ থেকে সোমবারের মধ্যে মামলা করার আশ্বাস পাওয়ার পর রাতের মতো কর্মসূচি থেকে সরে আসেন সাংবাদিকেরা। রোববার রাত সাড়ে ৮টার দিকে জিয়াউর রহমান হলের সামনে হামলার ঘটনায় চার সাংবাদিকসহ কয়েকজন আহত হন।

এ ঘটনায় রাবি ছাত্রদলের সহসভাপতি আহসান হাবিবসহ কয়েকজন নেতাকর্মীর বিরুদ্ধে অভিযোগ উঠেছে। আহত সাংবাদিকদের মধ্যে রয়েছেন বিভিন্ন উজ্জ টোয়েন্টিফোর ডটকমের আরিফ উজ্জামান কোরবান, আগামীর সময়ের জাহিদুল ইসলাম, দ্য ডেইলি স্টারের নূর আহসান মৃদুল ও দৈনিক সমকালের মঈনুল ইসলাম রাজু।